কুন্ডুজের প্রাদেশিক কাউন্সিলের সদস্য রাব্বানি রাব্বানি জানিয়েছেন, বৃহস্পতিবার রাতে খান আবাদ জেলার টাপ-ই-আখতার এলাকায় সুরক্ষা বাহিনীর আউটপোস্টে হামলা চালায় তালিবান জঙ্গিরা। তালিবান হামলায় মৃত্যু হয়েছে ১৬ জন জওয়ানের, দু'জন জখম হয়েছেন এবং দু'জন জওয়ানকে অপহরণ করে নিয়ে গিয়েছে তালিবানরা। এই হামলা সম্পর্কে আফগান প্রতিরক্ষা মন্ত্রকের পক্ষ থেকে কিছুই জানানো হয়নি।

কাতার থেকে ফিরতেই পাকড়াও, দিল্লি বিমানবন্দরে ধৃত কুখ্যাত জঙ্গি মদতদাতা

শ্রীনগর ও নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): কাতার ফিরতেই জম্মু-কাশ্মীর পুলিশের জালে ধরা পড়ল জেইশ-ই-মহম্মদ (জেইশ-ই-মহম্মদ) জঙ্গি সংগঠনের ওয়াস্টেড ওভার গ্রাউন্ড ওয়াকার মুনিব সোফি। শুক্রবার দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গ্রেফতার করা হয়েছে মুনিবকে। ধৃতের বাড়ি জম্মু ও কাশ্মীরের বিজবেহারায়। কুলগাম পুলিশ গ্রেফতার করেছে মুনিবকে।
জম্মু ও কাশ্মীর পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে জেইশ-ই-মহম্মদ জঙ্গি সংগঠনের ওয়াস্টেড ওভার গ্রাউন্ড ওয়াকার মুনিব সোফিকে গ্রেফতার করেছে কুলগাম পুলিশ। এদিনই কাতার থেকে দিল্লিতে এসেছিল বিজবেহারার বাসিন্দা সোফি। গত বছর কুলগামে এনকাউন্টারে মৃত পাকিস্তানি জঙ্গি ওয়ালিদ ভাইয়ের জন্য কাজ করত সোফি।

ময়নাতদন্তের রিপোর্ট পেয়ে জোড়াবাগানকাণ্ডে পুলিশ গ্রেফতার করেছে আটক কেয়ারটেকারকে

কলকাতা, ৫ ফেব্রুয়ারি (হি.স.): ময়নাতদন্তের রিপোর্ট পেয়ে নিশ্চিত হয়ে পুলিশ গ্রেফতার করেছে আটক কেয়ারটেকার রামকুমারকে। শিশুকন্যাকে একসময় একা পেয়ে তাকে বিরিয়ানি আর চিপসের স্নোভ দেবিয়ে তাকে চার তলার ছাদে নিয়ে যায় সে। সেখানেই সে মাদক মেশানো বিরিয়ানি আর চিপস খাওয়ায় ওই ৯ বছরের শিশুকন্যাকে। রাম কুমারের এই বয়ানের সত্যতা মিলেছে ওই শিশুকন্যার দেহের পোস্টমর্টমের প্রাথমিক রিপোর্টে। তার পাকস্থলিতে মিলেছে বিরিয়ানি আর চিপস। জানা গিয়েছে, মাদক মেশানো ওই খাবার খেয়ে ওই শিশুকন্যা সাময়িক অচেতন হয়ে পড়তেই তাকে নগ্ন করে ধর্ষণ করে রাম কুমার। পোস্টমর্টমের রিপোর্টে শিশুকন্যার রোম জোড় সর্হবসের নমুনা পাওয়া গিয়েছে বলেও জানা গিয়েছে। রাম কুমারের পুরুষাঙ্গের থাকায় শিশুকন্যার যৌনি কার্বট ছিন্নভিন্ন হয়েছে। সেই যন্ত্রণাতেই শিশুটি চেতন ফিরে পেয়েছিল আর সেই সময়েই সে বাধা দেওয়ার চেষ্টা করতেই রাম কুমার তার মুখে জোরে খুঁচি মারে আর তাতেই তার সামনের চারটি দাঁত ভেঙে যায়। ফরেনসিক বিভাগের আধিকারিকেরা গতকালই ঘটনাস্থল থেকে ওই চারটি ভাঙা দাঁত ও তার চুলের সামান্য অংশ উদ্ধার করে। শিশুটি পড়ে এই ঘটনার কথা বলে দিতে পারে এটা মনে হতে রাম কুমার নীচে নেমে গিয়ে ঘর থেকে তার সবজি কাটার ছুরি নিয়ে এসে মেরোয়টিক খুন করে। যদিও শেষ রক্ষা আর হয়নি। পুলিশ তাকে আরও জেরা করার জন্য জোড়াবাগান থানা থেকে লালবাজারে নিয়েজেরে হেফাজতে নিয়ে গিয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে তার মোবাইলও।

পাথারকান্দির বিভিন্ন অঞ্চলে 'চা বাগান ধন পুরস্কার মেলা' প্রকল্প সম্পর্কিত সচেতনতা সভা

পাথারকান্দি (অসম), ৫ ফেব্রুয়ারি (হি.স.): ক্রিমিগঞ্জ জেলার অন্তর্গত পাথারকান্দি বিধানসভা এলাকার বিভিন্ন অঞ্চলে 'চা বাগান ধন পুরস্কার মেলা' প্রকল্প সম্পর্কে দলবদ্ধ নিয়ে একাধিক সচেতনতা সভা করলেন স্থানীয় বিধায়ক কুন্ডু পাল। ভিড়ে ঠাঁস প্রায় প্রতিটি সন্ধ্যায় বিধায়ক উপস্থিত চা বাগানের শ্রমিকদের সামনে প্রদত্ত বক্তব্যে বর্তমান বিজেপি সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কে তথ্য তুলে ধরেন। বিধায়ক বলেন, কংগ্রেস ও বিজেপি শাসনের তারতম্য আপনারা ইতিমধ্যে বুঝে গেছেন। কংগ্রেসিরা সূশাসনের বদল অপশাসনের ফলে প্রতিটি চা বাগানের শ্রমিকদের মধ্যে হাজারকো সৃষ্টি হয়ছিল। ফলে বেশকিছু চা বাগান বন্ধও হয়ে

প্রয়াত শিলচরের প্রবীণ নাগরিক তথা সাংবাদিক অভিজিতের বাবা অনিল নাথ

শিলচর (অসম), ৫ ফেব্রুয়ারি (হি.স.): শিলচরের তারাপুর ষষ্ঠ খণ্ডের মজুমদার বাজার কাশীপুর এলাকার প্রবীণ নাগরিক তথা সাংবাদিক অভিজিত নাথের বাবা অনিল কুমার নাথ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। বৃহস্পতিবার সন্ধ্যা পাঁচটায় নিজের বাসভবনে বার্ধক্যজনিত কারণে তাঁর মৃত্যু হয়েছে। মৃত্যুকালে প্রয়াত অনিল নাথের বয়স হয়েছিল ৮৭ বছর। অনিলবাবুর প্রয়াণে তাঁর পরিচিত মহলে শোকের আবহ সৃষ্টি হয়েছে।

দুর্গাপুর-পানাগড়ে গ্যাস পাইপলাইনের থ্রিডে কমবে বায়ু দূষণ, জ্বালানি গ্যাসের খরচ : ধর্মেন্দ্র প্রধান

দুর্গাপুর, ৫ ফেব্রুয়ারি (হি.স.): নল খুললেই জল পড়ার পর, এবার নল খুললেই রামা ঘরে মিলবে জ্বালানি গ্যাস। সস্তা হবে গ্যাসের খরচ। প্রধানমন্ত্রীর স্বপ্নের বিকাশ যোজনার আর এক বড় প্রকল্প। সোনারবাংলা গড়তে নলবাহিত প্রাকৃতিক গ্যাসের গ্রীডের উদ্বোধন হবে পানাগড় শিল্পতালুকে। আগামী ৭ ফেব্রুয়ারি হলদিয়া থেকে ভাটুয়ালে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একই সঙ্গে উদ্বোধন হবে প্রায় ৪৭০০ কোটি টাকার প্রকল্প। শুক্রবার দুর্গাপুরে এক সাংবাদিক সম্মেলনে এমএনটিই জানালেন কেন্দ্রীয় গ্যাস ও পেট্রোলিয়াম মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান।

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রালয় সূত্রে জানা গেছে, প্রাকৃতিক গ্যাস পাইপ লাইন গ্রীড তৈরীর কাজটি করছে গেইল। জগদীশপুর থেকে হলদিয়া পর্যন্ত প্রায় সাড়ে তিন হাজার কিলোমিটার পাইপ লাইন পাতার কাজ হয়েছে। খরচ হয়েছে প্রায় ১৩ হাজার কোটি টাকা। তাতে উত্তরপ্রদেশের কিছুটা অংশ, বিহার, ঝাড়খন্ড, পশ্চিমবঙ্গ হয়ে ওড়িশা পর্যন্ত পাইপলাইন বসছে। প্রধানমন্ত্রী উদ্যোগে উত্তর-পূর্ব ভারতের সমস্ত রাজ্যে গ্যাস পাইপ লাইনের গ্রীড বসানোর কাজ। এরাওয়ার হলদিয়া থেকে দুর্গাপুর, পানাগড় পর্যন্ত বসবে

রেপো রেট ফের অপরিবর্তিত

ব্যাঙ্ক রেট ৪.২৫ শতাংশ

মুম্বই, ৫ ফেব্রুয়ারি (হি.স.): ঋণ হলেও ধীরে ধীরে দাঁড়াচ্ছে ভারতীয় অর্থনীতি। সেই খতি ধরে রাখতে রেপো রেট ও রিভার্স রেপো রেট ফের অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)। শুক্রবার আরবিআই গভর্নর শক্তি কান্ত দাস জানিয়েছেন, পলিসি রেপো রেট ৪ শতাংশেই রাখার জন্য সর্বসম্মতভাবে ভোট দিয়েছে মন্ত্রণালয় পলিসি কমিটি। এছাড়াও ৪.২৫ শতাংশেই রয়েছে মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি রেট ও ব্যাঙ্ক রেট। অপরিবর্তিত থাকার পর রিভার্স রেপো রেট এখন ৩.৩৫ শতাংশ। একই সঙ্গে ২০২১-২২ অর্থবর্ষের গ্রস ডোমেস্টিক প্রডাক্ট (জিডিপি) বৃদ্ধির হারও পুনর্মূল্যায়ন করে কিছুটা ভাল জায়গায় থাকবে বলে শুক্রবার আর্থিক নীতি নির্ধারণ কমিটির বৈঠক শেষে সাংবাদিক বৈঠকে জানানালেন আরবিআই মন্ত্রণালয় পলিসি কমিটি। আরবিআই গভর্নর জানিয়েছেন, ২০২১-২২

অর্থবর্ষে জিডিপি গ্রোথ প্রত্যাশা করা হয়েছে ১০.৫ শতাংশ। আরবিআই গভর্নর শক্তি কান্ত দাস এদিন জানিয়েছেন, ২০২০ সাল আমাদের ক্ষমতা এবং সহনশীলতার পরীক্ষা নিয়েছে, ২০২১ সাল ভারতের ইতিহাসে নতুন অর্থনৈতিক যুগের সূচনা করতে চলেছে। গ্রাহকদের আত্মবিশ্বাস পুনরুদ্ধারিত হচ্ছে এবং উৎপাদন, পরিষেবা এবং অবকাঠামোগত ব্যবসায়ের প্রত্যাশা উজ্জীবিত হয়েছে।

বিবাহ বহির্ভূত সম্পর্ক নিয়ে পরিবারে অশান্তি, অবসাদে আত্মঘাতী যুবক

কলকাতা, ৫ ফেব্রুয়ারি (হি.স.): উত্তর ২৪ পরগনার অশোকনগরে অরিদক্ষ এক যুবকের মৃত্যুর পর উত্তেজনা দেখা দিয়েছে। অশোকনগরে হরিপুরের বাসিন্দা ওই যুবকের নাম সুমন সিংহ। বয়স প্রায় পঁচত্রিশ। গভীর রাতে ঘর থেকে দক্ষ অবস্থায় তাঁকে উদ্ধারের পর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ডাক্তাররা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। নেপথ্যে উঠে আসছে পরকীর্তার তত্ত্ব প্রাথমিকভাবে অনুমান, সম্পর্কের টানা পোড়ানো ও আর্থিক অনটনের কারণেই এই সিদ্ধান্ত নিয়েছে সুমন। তবে অন্য কোনও রহস্য আছে কি না খতিয়ে

দেখা হচ্ছে। সূত্রের খবর, আগে তিনি একটি বেসরকারি সংস্থায় সেলসম্যানের কাজ করতেন তিনি। কিন্তু লকডাউনের সময় সঙ্কে বিবাহ বহির্ভূত সম্পর্ক তৈরি হয়। বিষয়টি জানাজানি হয়ে যাওয়া দুই পরিবারের মধ্যে অশান্তি শুরু হয়। বৃহস্পতিবারও দুই পরিবারের মধ্যে তুলন্য কচসা হয়। এরপর সুমনের পরিবারের সদস্যরা দেখেন দোতলার ঘর থেকে ধোঁয়া বের হচ্ছে। টের পান সুমনের

বনসহায়ক পদ ঘিরে দুর্নীতির তদন্তে অনুমোদন রাজ্য মন্ত্রিসভায়

কলকাতা, ৫ ফেব্রুয়ারি (হি.স.): বনসহায়ক পদ ঘিরে দুর্নীতিতে জন্ম শুক্রবার প্রয়োজনীয় তদন্তের অনুমোদন দিয়ে দিল রাজ্য মন্ত্রিসভা।
সম্প্রতি আলিপুরদুয়ারের সভামঞ্চে দাঁড়িয়েই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, বনসহায়ক পদ নিয়ে দুর্নীতি করেছেন রাজ্যের প্রাক্তন বনমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়। রাজ্য সরকার সেই বিষয়ে তদন্ত করবে। তার চ্যালেঞ্জ জানিয়েছিলেন রাজ্য বিধানসভা নির্বাচনের আগে এদিনই সম্ভবত চলতি সরকারের মণ্ডল। নিহতের স্বামী নাজমুল শেখ মন্ত্রিসভার বৈঠক বসেছিল। সেখানে রাজীবের বিরুদ্ধে তদন্তের অনুমতি দেওয়া ছাড়াও রাজ্যের

করবে রাজ্য সরকারই। ভোটারের জন্য সেই তদন্ত বন্ধ হয়ে যাবে না। দ্রুত তদন্ত করে এই বিষয়ে দোষীদের চিহ্নিত করে শাস্তি দেওয়া হবে বলে সেদিন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন। সেই তদন্তের জন্যই এদিন রাজ্য মন্ত্রিসভায় অনুমোদন দেওয়া হয়।
তৃণমূলের একাংশের অনুমান, এর জেরে আগামীদিনে বড় সড় বিপাকে পড়তে পারেন রাজীব বন্দ্যোপাধ্যায়। তদন্ত ঠেকাতে রাজীববাবু আদালতের দ্বারস্থ হতে পারেন। যাতে পুলিশ গ্রেফতার করতে না পারে তার জন্য অবদান জানাবেন আদালত। বিজেপি অবশ্য দৃঢ়ভাবে বিশ্বাস করে, এটা মুখ্যমন্ত্রীর ফাঁকা বুলি ছাড়া কিছুই নয়।

প্রতিবেশীর বাড়ি থেকে উদ্ধার মা-মেয়ের দেহ, পুলিশকে ঘিরে বিক্ষোভ স্থানীয়দের

নদিয়া, ৫ ফেব্রুয়ারি (হি.স.): নদিয়ার চাপড়া থানার গাছা গ্রামে এক প্রতিবেশীর বাড়ি থেকে মা ও দুই বছরের শিশুকন্যার মৃতদেহ উদ্ধারের পর এলাকায় উত্তেজনা দেখা দিয়েছে। খুনের সঠিক কারণ নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। মৃতেরা হল মমতাজ মণ্ডল এবং তাঁর দু'বছরের শিশুকন্যা মুসলিম মণ্ডল। নিহতের স্বামী নাজমুল মণ্ডল জানান, অন্যান্য দিনের মতো খাওয়াপাওয়া সেরে কাজে বেরোন তিনি। একটি গয়নার নকশা দেখতে প্রতিবেশী তহরা

মা এবং মেয়ের মৃতদেহ পড়ে রয়েছে। এরপর চাপড়া থানার পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ মৃতদেহ উদ্ধার করতে আসে। গ্রামবাসীরা তহরার বাড়িতে ব্যাপক ভাঙুর চালায়। মৃতের স্বামী নাজমুল মণ্ডলের অভিযোগ, তহরা এবং তার স্বামী ইসমাইল মণ্ডল স্ত্রী ও মেয়েকে বাড়িতে ডেকে নিয়ে গিয়ে খুন করেছে। এদিকে, ঘটনার পর থেকে অভিযুক্ত ইসমাইল মণ্ডল ও তহরা মণ্ডল পলাতক। তাদের খোঁজ শুরু করেছে পুলিশ।


৮-১২ ফেব্রুয়ারি রাজ্যসভায় উপস্থিত থাকতেই হবে, হুইপ জারি বিজেপির

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): আগামী ৮ থেকে ১২ ফেব্রুয়ারি রাজ্যসভায় উপস্থিত থাকতেই হবে বিজেপির সমস্ত রাজ্যসভার সাংসদদের। এই মর্মে শুক্রবার তিন-লাইনের হুইপ জারি করল ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। ৮-১২ ফেব্রুয়ারির মধ্যে রাজ্যসভায় 'ভীষণ গুরুত্বপূর্ণ' বিষয়ে আলোচনা হবে, সরকারের অবস্থানকে সমর্থনের জন্য এই সময়ে রাজ্যসভায় সমস্ত সাংসদদের উপস্থিত থাকার জন্য তিন-লাইনের হুইপ জারি করেছে বিজেপি। বিবৃতিতে বিজেপির পক্ষ থেকে জানানো হয়েছে, "সোমবার, ৮ ফেব্রুয়ারি থেকে ১২ ফেব্রুয়ারি, গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হবে রাজ্যসভায়, তাই সমস্ত রাজ্যসভার সাংসদদের ওই সময়ে উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে। ওই পাঁচ দিন রাজ্যসভায় উপস্থিত হতেই হবে সরকারের অবস্থানকে সমর্থনের জন্য অনুরোধ করা হচ্ছে সমস্ত সাংসদদের।"



কৃষক আন্দোলন নিয়ে এবার উদ্বিগ্ন কপিল দেব

নয়াদিল্লী, ৫ ফেব্রুয়ারী। এবার কৃষক আন্দোলন নিয়ে মতবিনিময় করলেন কপিল দেব। মূলত পঞ্জাব, হরিয়ানা এবং উত্তর প্রদেশের অসংখ্য কৃষক গত দুই মাস ধরে দিল্লির সীমান্তে নতুন কৃষি আইন নিয়ে প্রতিবাদ জানাচ্ছেন। ১৯৮৩-র প্রথম বিশ্বকাপ জয়ী অধিনায়ক কৃষকদের পক্ষে কিংবা বিপক্ষে মতবিনিময় করেননি। তবে নেতৃত্বাধীনে "দ্বন্দ্ব" কথাটির উল্লেখ করেছেন। পাশাপাশি তিনি মনে করেন খুব দ্রুত এই সমস্যা মিটে যাবে টুইটারে কপিল লিখেছেন, "আমি দেশকে খুবই ভালবাসি। আশা করি কেন্দ্রীয় সরকার ও কৃষকদের মধ্যে এই দ্বন্দ্ব খুব দ্রুত মিটে যাবে। এই সমস্যা মিটিয়ে ফেলার জন্য বিশেষজ্ঞরা কাজ করছেন। আর একটা কথা মনে রাখা উচিত, দেশ কিন্তু সবার আগে।"



কোহালি'র টিম ইন্ডিয়াকেও শুভেচ্ছা জানালেন সর্বকালের অন্যতম সেরা অলরাউন্ডার কপিল আরও লিখলেন, "ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজ শুরু করার আগে আমার ভারতীয় দলকেও শুভেচ্ছা জানাই। আমার বিশ্বাস এই সিরিজে টিম ইন্ডিয়া ব্যাপক সাফল্য পাবে। জয় হিন্দ।"

"কপিল ছাড়াও ভারতীয় দলের ডেই সিংহমহেও কৃষক আন্দোলনের আঁচ লেগেছে। জে রুটদের হারানোর ছক তৈরি করার পাশাপাশি এই বিষয় নিয়ে বিরাট কোহালির সতীর্থরাও উদ্বিগ্ন। সেটা ম্যাচের আগে সাংবাদিক সম্মেলনে বলেছিলেন অধিনায়ক। ম্যাচ শুরুর আগের দিন বৃহস্পতিবার সাজঘরে কৃষক আন্দোলন নিয়ে আলোচনার কথা বললেও কোহালি অবশ্য এটাও জানিয়ে দেন, এই বিষয়ে বিস্তারিত কিছু বলবেন না তিনি। সাংবাদিক সম্মেলনে কোহালি বলেন, "আমাদের দলগত বৈঠকে এটা নিয়ে আলোচনা হয়েছে। সবাই নিজেদের মতামত জানিয়েছে। এটা নিয়ে এটুকুই বলতে পারি।" এমনকী বুধবার কৃষক আন্দোলন নিয়ে টুইটও করেন কোহালি। সেখানে লিখেছিলেন, "আসুন আমরা সকলে মতবিরোধের এই মুহূর্তে ঐক্যবদ্ধ থাকি। কৃষকরা আমাদের দেশের একটা অবিচ্ছেদ্য অঙ্গ। তাই আমি নিশ্চিত যে, শান্তি বজায় রাখতে ও একসঙ্গে এগিয়ে যাওয়ার জন্য সবার কাছে গ্রহণযোগ্য, এমন সিদ্ধান্তই নেওয়া হবে।" আর এবার বতমানের পর প্রাক্তন ভারত অধিনায়কও এই স্পর্শকাতর বিষয় নিয়ে মন্তব্য করলেন। যদিও কেউই এই ব্যাপারে খোলামেলা মন্তব্য করতে রাজি হননি।

ভারত-ইংল্যান্ড টেস্ট: ভারতীয় স্পিনারদের অবলীলায়

সামলে ইংল্যান্ডের বড় রানের আশা জাগলেন সিবলে-রুট

নয়াদিল্লী, ৫ ফেব্রুয়ারী। চেন্নাই টেস্টে ভারতের বিরুদ্ধে ইংল্যান্ডকে বড় রান তোলার আশা জাগাচ্ছে জে রুট ও ডম সিবলের পাটনারশিপ। আজ টস জিতে বাট করতে নেমে লাঞ্চে ইংল্যান্ডের স্কোর ছিল ২ উইকেটে ৬৭। চা বিরতির কিছুক্ষণ আগে অর্ধশতরান পূর্ণ করেছেন সিবলে। শ্রীলঙ্কা সফরে তিনি প্রথম তিন ইনিংসে বার্থ হয়েছিলেন ম্যাচক্রমে ২, ৪ ও ০ রানে আউট হন। তবে দ্বিতীয় তথা শেষ টেস্টে অপরাধিত ছিলেন ৫৬ রানে। এদিন যেন সেশনে থেকেই শুরু করেছেন। রুট যে বলেছিলেন ভারতীয় বোলারদের মাথার উপর চড়তে দেবেন না, সেই রণকৌশল এখনও অবধি সফল। এমনকী রুট নিজে শ্রীলঙ্কায় স্পিনারদের বিরুদ্ধে বেশি সুইপ মেরে সফল্য পেলেও এদিন তত বেশি ওই শট মারতে দেখা যাচ্ছে না তাঁকে রুট শ্রীলঙ্কায় প্রথম টেস্টে ২২৮ ও দ্বিতীয় টেস্টে ১৮৬

রানের ইনিংস খেলে এসেছেন। নিজের শততম টেস্টেও তিনি অর্ধশতরানের দোরগোড়ায়। আত্মবিশ্বাসের সঙ্গেই ভারতের তিন স্পিনারকে অবলীলায় সামলাচ্ছেন রুট, সিবলেরা। বল হাঁটুর উপর উঠছেন না। টিপিক্যাল চিপক পিচের এমন চরিত্র কিন্তু চতুর্থ ইনিংসে ভারতীয় দলের ব্যাটিং করা কঠিন করে দিতে পারে। চা বিরতিতে ইংল্যান্ডের স্কোর ২ উইকেটে ১৪০। সিবলে ৫৩ ও রুট ৪৫ রানে অপরাধিত আছেন। এদিন প্রথম সেশনে প্রথম ঘণ্টায় কোনও উইকেট হারাননি জে রুটের দল। শুরু থেকেই সাবধানী ব্যাটিং শুরু করেন দুই ওপেনার ডমিনিক সিবলে ও রিচি বার্নস। তবে ম্যাচে যশপ্রীত বুমরার প্রথম বলেই বার্নসের সাজঘরে ফিরে যাওয়ার সন্ধান না তৈরি হয়েছিল। ঝাঁপিয়ে পড়ে ও বল তালুবন্দি করতে পারেননি উইকেটকিপার স্বাভাবিক পছন্দ। ম্যাচের ২৪তম ওভারের পঞ্চম বলে রিভার্স সুইপ মারতে গিয়ে কট বিহাইন্ড হন বার্নস।

অশ্বিনের বলে তিনি সাজঘরে ফেরেন ৩৩ রান করে। ইংল্যান্ডের স্কোরবোর্ডে আর কোনও রান যোগ হওয়ার আগেই ২৬ তম ওভারের চতুর্থ বলে শূন্য রানে প্যাভিলিয়নে ফেরেন ড্যান লরেন্স। বুমরার বলে তিনি লেগ বিফোর হন। ২০১৮ সালে কেপটাউনে অভিষেকের পর এই প্রথম দেশের মাটিতে টেস্ট খেলছেন বুমরা। হাঁটুর চোটের কারণে প্রথম টেস্ট থেকে ছিটকে গিয়েছেন ভারতীয় স্পিনার অক্ষর প্যাটেল। গতকাল অনুশীলনের সময় বাঁ পায়ের হাঁটুতে ব্যথা অনুভব করেন তিনি। এরপরই শাহবাজ নাদিম ও রাহুল চাহারকে দলে নেওয়া হয়েছে। তাঁরা চেন্নাইয়ে দলের সঙ্গে স্ট্যান্ডবাই ক্রিকেটার হিসেবে অনুশীলন করছিলেন।

নাদিম প্রথম একাদশে রয়েছেন। তবে নাদিম বা সুন্দর, কেউই সেভাবে এখনও দাগ কাটতে পারেননি। এর আগে চেন্নাইয়ে টেস্টে ভারত-ইংল্যান্ড মুখোমুখি হয়েছে ৯ বার। ইংল্যান্ড জিতেছে তিনবার। শেষ তিন পারস্পরিক সাক্ষাতসহ পাঁচবার জিতেছে ভারত। একটি টেস্ট ড্র হয়েছিল। ২০১৬ সালে শেষবার চেন্নাই টেস্টে দুই দল মুখোমুখি হয়। করণ নায়ারের অপরাধিত ৩০৩ রানের সুবাদে ইনিংস ও ৭৫ রানে জেতে ভারত। ১৯৮৪-৮৫ মরশুমের পর এই মাঠে টেস্ট জেতেনি ইংল্যান্ড। ভারতে অভিষেক ও ৫০তম টেস্ট খেলার পর ইংল্যান্ড অধিনায়ক জে রুট শততম টেস্ট খেলছেন।

TENDER NOTICE
Sealed tenders are invited for hiring of a Maruti Suzuki Wagon R (CNG), for 01 (one) year for Law, Department, Government of Tripura. Detailed conditions may be seen at "law.tripuragovt.in."
(Sarbajeet Chliouichury)
DL & Deputy Secretary
to the Government of Tripura
(Head of Office)
ICA-C-3056/21

CLAIMANT NOTICE
WHEREAS, it has been brought to the notice of the undersigned by Sri Subrata Sen, Forest Warden, Assistant Wildlife Warden, Ahoyra Wildlife Range under Trishna Wildlife Sanctuary Vide his O.R. No. 06/ AWLR/2020-21 dated, 15/01/2021 has seized a vehicle bearing Registration No. TR-08-A-1658 (Mahindra Bolero Pickup) Engine No. TBHIF65984 & Chassis No. MA1Z2TBKH1F50792 from Maichara (near L.B. Industry) under Ahoyra Wildlife Range on 15/01/2021 at about 11:10 AM for illegally carried Billet Fire wood over 5.525 cum. Upon enquiries by the Forest Ranger along with the other staffs of WLPU, Joychandpur it was found that the said vehicle was carrying illegally Billet Fire wood over 5.525 cum without any permission of Forest Department and without GP / TP. Then the said vehicle had been detained and brought in the safe custody as the said vehicle was involved in illegal carrying of Forest produce.
NOW THEREFORE, in exercise of power conferred upon me vide Notification No. F 7(310)/For/FP/2016/ 25,701-747 dated, 15/11/2016 of Govt. of Tripura as an Authorized Officer for the purpose of above mentioned Indian Forest Act 1927, it is contemplated to confiscate the seized vehicle Registration No. TR-08-A-1658 (Mahindra Bolero Pickup) for the commission of offence under Section 41, 42 of Indian Forest Act, 1927 and under Tripura Rules notified vide Notification No.F.7 / 44. FP / 90 / 22,795 dated 07.05.1990 of Government of Tripura.
NOW THEREFORE, it is brought to the notice of the authorized owner of the said vehicle Registration No. TR-08-A-1658 (Mahindra Bolero Pickup) to prefer their claim over the same vehicle to Authorized Officer (Wildlife Warden, Trishna Wildlife Sanctuary, Joychandpur), within 10(Ten) days from the date of issue of this notice either by his/ her legally authorized person along with all relevant documents in original regarding ownership of the vehicle. If the owner of the vehicle or their authorized representatives fails to prefer any claim for the said vehicle before the undersigned within the stipulated period, the decision regarding the confiscation of the said vehicle shall be taken ex-parte.
(A.Delnath, TFS)
Authorized Officer
Wildlife Warden
Trishna Wildlife, Sanctuary
Joychandpur
ICA-D-1423/21

PNIT NO: ePT45/EE/RD/KCP/DIV/2020-21 DATED- 30/01/2021
The Executive Engineer, R.D Kanchanpur Division, Kanchanpur, North Tripura invites tender from eligible bidders up to 11.00 AM on 16.02.2021 for 04 (Four) No. Construction projects under R.D. Kanchanpur Division during the year 2020-21. For details visit <https://tripuratenders.gov.in> or contact at Mobile No: 7085862819 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.
Executive Engineer
RD Kanchanpur Division
Kanchanpur, North Tripura
ICA-C-3046/21

পরিচিতি চিহ্ন
Ref:- Mungiakami PS U/D Case NO.02/2021 dated, 31/01/2021 U/S 174 Cr.PC.
পাশের ছবিটি একজন মৃত অপরিচিত মহিলার। গত ০২/০১/২০২১ইং তারিখে অপরিচিত মহিলার কঙ্কাল মৃদঙ্গাকামী থানা অধীনে ০৬ নং মাইল এলাকায় জাতীয় সড়ক-৮-এ মৃত অবস্থায় পাওয়া গেছে। বর্তমানে মৃতদেহটি পরিচিতির জন্য রাং-এর ফুলপেট এবং ১টা এম্ব-এর হাফপেট রয়েছে।
উক্ত মৃত অপরিচিত মহিলার কঙ্কাল দেখেরি ব্যাপারে কাহারা কোন তথ্য জানা থাকিলে নিম্ন তিকনায় যোগাযোগ করার জন্য অনুরোধ রাখিল।
যোগাযোগের তিকনা
১) খোমাই ডি-আই-বি কন্স্টেবল (০৩৮২৫২২২০৮১)
২) মৃদঙ্গাকামী থানা (০৩৮২৫২২০৮২৯)
হুত
স্বাক্ষর - অস্পষ্ট
খোমাই পুলিশ অধিকারিক
খোমাই - ত্রিপুরা
ICA-D-1428/21

ভারত-ইংল্যান্ড সিরিজে নতুন মাইলস্টোনের সামনে

দাঁড়িয়ে জে রুট

নয়াদিল্লী, ৫ ফেব্রুয়ারী। আগামী শুক্রবার থেকে শুরু হচ্ছে ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজের প্রথম টেস্ট। আর এই টেস্টে ভারত অধিনায়ক বিরাট কোহালির সামনে রেকর্ড জয়ের হাতছানি। পুরো সিরিজে একটি মাত্র সেঞ্চুরি করতে পারলেই তিনি ভেঙে দেবেন অর্ধশতাব্দী ধরে রিকর্ডের রেকর্ড। পৌঁছে যাবেন অধিনায়ক হিসাবে সবচেয়ে সেঞ্চুরির অধিকারী। আর অপরদিকে ইংল্যান্ড অধিনায়ক জে রুট এই সিরিজে রয়েছেন নতুন মাইলস্টোনের সামনে। চেন্নাইয়ে চিদ্দাম্বরাম স্টেডিয়ামে শততম টেস্ট খেলতে নামছেন ব্রিটিশ অধিনায়ক। ২০১২ সালে এই ভারতের বিরুদ্ধেই নাগপুরে টেস্টে অভিষেক হয়েছিল ২২ বছর বয়সী জে রুটের। তবে দেশের মাটিতে চাপে থাকবে কোহালিরই, শততম টেস্টে খেলাতে নামার আগে এমনটাই জানিয়েছিলেন ইংল্যান্ড অধিনায়ক। সদ্য শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজ খেলে ভারতের মাটিতে পা রেখেছেন ইংল্যান্ড অধিনায়ক জে রুট। জে রুট এই মুহূর্তে দুরন্ত ফর্মে রয়েছেন। শ্রীলঙ্কার বিরুদ্ধে দুটি টেস্টে ২২৮ এবং ১৮৬ রান করেছেন তিনি। ভারতের বিরুদ্ধেও সেই ফর্ম ধরে রাখতে মরিয়া ইংল্যান্ড অধিনায়ক। জে রুট এদিন জানান, 'ভারতের বিরুদ্ধে খেলা কতটা কঠিন সেটা আমরা জানি। আমরাও তৈরি। ভয়ের কিছু নেই। চারটে টেস্ট জেতার মতো ক্ষমতা আমার আছে। দারুণ একটা সিরিজ হবে। তবে সকলেই মনে করছেন সেখানে সেখানে লড়াই হবে ভারত-ইংল্যান্ড সিরিজে। ইংল্যান্ড অধিনায়ক আরও জানান, ভারত সদ্য অস্ট্রেলিয়া সিরিজ জিতে এসেছে, তাই ওদের উপর প্রত্যাশার চাপ অনেকটাই বেশি থাকবে। প্রথম যখন ভারতে খেলতে এসেছিলাম তখন বুঝতে পারিনি ভারতের বিরুদ্ধে সিরিজ জয় কতটা গুরুত্বপূর্ণ ছিল। সেই সিরিজ জয়ে সামান্য অংশীদার ছিলাম।' তবে শততম টেস্টে এসে সামনে রুট এখন দলের অধিনায়ক।

PNIT No:- 39/PNIE/EE/DWS/BLN/2020-21
Percentage rated e-tender in single bid are invited for the following works:-

Sl. No.	DNIT No.	Estimated Cost	Tender Fee	Deadline for online bidding
1	141/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		Up to 15.00 Hrs on 17.02.2021
2	142/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
3	143/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
4	144/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
5	145/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
6	146/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
7	147/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
8	148/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
9	149/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
10	150/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 20,45,481.00		
11	151/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 18,00,684.00	₹ 1,000/-	
12	152/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 18,00,684.00		
13	153/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 17,67,384.00		
14	154/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 9,04,778.00		
15	155/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 4,20,497.00		
16	156/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 9,18,840.00		
17	157/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 16,56,572.00		
18	158/DNIE/EE/DWS/BLN/2020-21	₹ 9,66,180.00		

All details can be seen in the office of the undersigned. NB: This detailed press notice & bid documents for all the work can be seen on website www.tripuratenders.gov.in free of cost. But the bid can only be submitted after uploading the mandatory scanned documents as specified in this tender document on the e-Procurement website www.tripuratenders.gov.in For details please visit www.tripuratenders.gov.in for any query please contact :- 03823-224-812 For and on behalf of Governor of Tripura.
"Conserve Water and Save Life"

(Er. T. Chakrma)
Executive Engineer
DWS Division, Belonia
Belonia, South Tripura
ICA-C-3034/21

PRESS NOTICE INVITING e-TENDER NO: 21/EE/DD/PWD(R&B)/2020-21 Dated 01.02.2021
The Executive Engineer, Dharmanagar Division, PWD (R & B), Dharmanagar, North Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed Percentage rate e-tender from the Central & State Public Sector undertaking / Enterprise and eligible Bidders / Firms / Agencies of appropriate class registered with PWD / TTAADC / MES / CPWD / Railway / Other State PWD up to 3.00 P.M. on 22-02-2021 for the following work:

Sl. NO.	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY LIKE FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	DOCUMENT DOWNLOADING AND BIDDING AT	CLASS OF BIDDER
1	Mtc. of Dharmanagar - Panisagar road from Ch.0.00 KM to Ch.11.00 KM/ SH: Traffic Signs, road marking, and other road furniture. DNIT. NO.59/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.24,231,133.00	Rs.24,231,000	2 (Two) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class
2	Construction of Double storied administrative building for Krishi Vigyan Kendra at Panisagar, North Tripura/ SH: Construction of approach road with WBM-II, WBM-III, PMC & seal coat etc. (Length=150.00 mtr). DNIT. NO.60/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.16,89,057.00	Rs.16,591,000	3 (Three) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class
3	Construction of Double storied administrative building for Krishi Vigyan Kendra at Panisagar, North Tripura/ SH: Providing and laying CC interlocking paver block in front of the Administrative building. DNIT. NO.61/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.19,38,180.00	Rs.19,382,000	3 (Three) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class
4	Mtc. of road Pretyekroy to Yakubnagar road under Kalacherra Block area under PWD (R&B) Sub-Division Kadamtala/SH: Grouting, carpeting, sand seal coat etc. during the year 2020-21.. DNIT. NO.62/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.20,53,264.00	Rs.20,533,000	3 (Three) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class
5	Mtc. of PWD block top road under PWD(R&B) Panisagar Sub-Division during the year 2020-21/ SH: Patch WBM, patch carpeting, grouting and protection work etc on Dupribond School road. DNIT. NO.63/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.17,73,748.00	Rs.17,737,000	3 (Three) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class
6	Mtc. of PWD block top road under PWD(R&B) Panisagar Sub-Division during the year 2020-21/ SH: Patch carpeting, grouting and seal coat etc. in different stretches on Dharmanagar- Chamliha-Jalabassa road (Length=19.00 KM). DNIT. NO.64/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.19,58,405.00	Rs.19,584,000	2 (Two) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class
7	Mtc. of PWD block top road under PWD(R&B) Panisagar Sub-Division during the year 2020-21/ SH: Patch WBM, patch carpeting, grouting and side berm lowering etc. on Tilhai - Paulgaon road and Noagang PO road. DNIT. NO.65/EE/DD/PWD (R&B)/2020-21.	Rs.19,93,577.00	Rs.19,936,000	3 (Three) Months	Up to 15.00 Hrs on 22-02-2021	At 16.00 Hrs on 22-02-2021	Appropriate Class

Other necessary detailed information can be seen in the website <https://tripuratenders.gov.in> at free of cost between 01-02-2021 to 22-02-2021.
NOTE:- NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER.
(Er. S. Chakma)
Executive Engineer
Dharmanagar Division PWD (R&B)
ICA-C-3030/21

ম্যাচ শুরুর আগেই ছিটকে গেলেন এই বোলার

নয়াদিল্লী, ৫ ফেব্রুয়ারী। অস্ট্রেলিয়ায় চোটে জর্জরিত ছিল ভারতীয় শিবির। ঘরের মাঠে ফিরেও সেই চোট পিছু ছাড়ল না। হাঁটুর চোটের কারণে প্রথম ম্যাচ থেকে ছিটকে গেলেন অক্ষর পটেল। ভারতীয় বোর্ডের তরফে জানানো হয়েছে ২৭ বছরের এই স্পিনারকে প্রথম টেস্টে পাবে না ভারত বৃহস্পতিবার অনুশীলনের সময় হাঁটুতে চোট পান অক্ষর। টেস্টে এখনও অভিষেক ঘটেনি এই ভারতীয় স্পিনারের, তার আগেই মাঠের বাইরে চলে যেতে হল তাঁকে। অক্ষরের বদলে দলে নেওয়া হয়েছে রাহুল চাহার এবং শাহবাজ নাদিমকে।

PRESS NOTICE INVITING TENDER NO: 20/EE/DD/PWD(R&B)/2020-21. Dated 30-01-2021
The Executive Engineer, Dharmanagar Division, PWD (R & B), Dharmanagar, North Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed Percentage rate tender(s) from Central & State Public Sector undertaking / Enterprise and eligible Contractors / Firms / Agencies of appropriate class registered with PWD / TTAADC / MES / CPWD / Railway / Other State PWD up to 3.00 P.M. on 22.02.2021 for the following work:-

Sl No.	Name of the Work	ESTIMATED COST	EARNIST MONEY COST OF TENDER FORM	TIME FOR COMPLETION
1	Repair / Mtc. of Dharmanagar District Hospital during the year 2020-21 / SH: Construction of 10 (ten) Bedded COVID-19 ward and ICU / Gr-I (one). DNIT.No. 56/EE/DD/PWD(R&B)/202-21.	Rs.3,24,090.00	Rs.3,241,000 Rs.1000.00	15 (fifteen) Days
2	Repair / Mtc. of Dharmanagar District Hospital during the year 2020-21 / SH: Construction of 10 (ten) Bedded COVID-19 ward and ICU / Gr-II (two). DNIT.No. 57/EE/DD/PWD(R&B)/202-21.	Rs.4,20,973.00	Rs.4,250,000 Rs.1000.00	15 (fifteen) Days
3	Construction of a sanitary toilet with urinal and water tank near of west Bazarashi Masjid / (Dr. Abul Kalam Searaj) under Dharmanagar Municipal Council (BU/UP). DNIT.No. 58/EE/DD/PWD(R&B)/202-21.	Rs.2,97,620.00	Rs.297,600 Rs.1000.00	2 (two) Months

Other necessary detailed information can be seen in the Division office from 11.00 AM to 4.00 PM during office hours on all working days between 30-01-2021 to 19-02-2021.
(Er. S. Chakma)
Executive Engineer
Dharmanagar Division, PWD(R&B)
Dharmanagar, North Tripura.
ICA-C-3040/21

WALK-IN-INTERVIEW
Applications in plan paper are hereby invited from the eligible female candidate for selection of Non-permanent engagement in the vacant posts of Anganwadi Workers & Anganwadi Helpers on no-work no-honorarium basis under CDPO, Rupaichari ICDS Project.
Details of Vacancy in Anganwadi Centres

Sl No.	Name of ADC village	Name of AWC	Name of Block	No of Vacant post of Anganwadi workers	No of Vacant post of Anganwadi Helpers
1	2	3	4	5	6
1	Rupaichari	Rupaichari No-2	Rupaichari	01	01
2	East Ludhwa	Tes Garden Shramik Colony	Rupaichari	01	00
3	West Ludhwa	Rambarna Para	Rupaichari	01	00
4	South Manubankul	Aswani Para	Rupaichari	01	00
5	Kathalchhari	Brajendra Para	Rupaichari	01	00
6	Kathalchhari	Sebadhan Para No.1	Rupaichari	01	00
7	Chatakchhari	Jama Chandra Para	Rupaichari	01	00
8	Chatakchhari	Hairam Para	Rupaichari	01	00
9	Garifa	Naibadhya Para	Rupaichari	01	00
10	Garifa	Gudam Para	Rupaichari	00	01
11	East Sabroom	Khamar Para	Rupaichari	01	00
12	Chalita bankul	Dewanjoy Para	Rupaichari	01	01
			Total	10	03

Application will be receive from 01-02-2021 to 20-02-2021 on Govt working days from 10:00 AM to 4:00PM. (No TADA are admissible for appearing in walk-in interview)
Date of interview:- 25-02-2021 (10:30 AM to 4:00 PM)
More details are available in the notice board of the CDPO, Rupaichari ICDS Project.
Nf:- Unavoidable circumstances the interview process may postponed/ Cancelled without showing any reason.
Child Development Project Officer
Rupaichari ICDS Project
Sabroom South Tripura.
ICA-D-1430/21



ব্যাঙ্গালুরুতে এয়ার শো'তে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সহ অন্যান্যরা। ছবি-পিআইবি।

কৃষকদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনাই কেন্দ্রের প্রচেষ্টা : কৃষিমন্ত্রী

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): কৃষকদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনাই কেন্দ্রের প্রধান লক্ষ্য। নরেন্দ্র মোদী সরকার কৃষকদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ। জানিয়ে দিলেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমার। গুজরার রাজ্যসভায় কৃষিমন্ত্রী বলেছেন, 'কৃষকদের আয় দ্বিগুণ হোক এবং জিডিপি-তে কৃষির অবদান যাতে দ্রুত বৃদ্ধি পায়, এটাই সরকারের প্রচেষ্টা। সেই লক্ষ্যে এই তিনটি কৃষি আইন গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

রাজ্যসভা এবং কৃষকদের আমি জানাতে চাই, কৃষক কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কৃষিমন্ত্রী বলেন, 'আমি এ বিষয়টি পরিষ্কার করে দিতে চাই, সরকার যদি কৃষি আইনে সংশোধনের জন্য প্রস্তুত হয়, তার মানে এটা মোটেও নয় যে কৃষি আইনে কোনও ত্রুটি ছিল। নির্দিষ্ট রাজ্যের কৃষকদেরই ভুল বোঝানো হচ্ছে।' কৃষিমন্ত্রী রাজ্যসভায় এদিন আরও বলেন,

কৃষকদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনাই আমাদের প্রধান লক্ষ্য। রেলের মাধ্যমে পরিবহন করা হবে ফল ও সবজি, এ বিষয়ে কে ভেবেছিল? উৎপাদন খরচের চেয়ে ৫০ শতাংশ বেশি এমএসপি সরবরাহ করতে শুরু করেছি আমরা। এছাড়াও আত্মনির্ভর প্যাকেজের অধীনে ১ লক্ষ কোটি টাকার কৃষি ইনফ্রাস্ট্রাকচার ফান্ড প্রদান করা হয়েছে। বিরোধীদের উদ্দেশে

কৃষিমন্ত্রী বলেছেন, 'কৃষি আইন বাস্তবায়িত হলে অনার্য তাদের জমি দখল করে নেবে, এই ধরনের কথা বলে কৃষকদের ভুল বোঝানো হচ্ছে। কনট্রাক্ট ফার্মিং আইন অনুযায়ী যে কোনও ব্যবসায়ী এমএসপি সরবরাহ করতে পারেন, এমন কোনও বিধান যদি থাকে তাহলে সেটা আমাদের জানান।' কৃষিমন্ত্রী এদিন বলেন, 'সরকারের দরিত্রমুখী প্রকল্পগুলি গ্রামে বাসকারী মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনবে।'

সুপ্রিম কোর্টে অন্তর্বর্তী জমিন পোলেন ফার্মিক মধ্যপ্রদেশ পুলিশকে নোটিশ

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): নিম্ন আদালতে খারিজ হয়েছিল জমিনের আবেদন, জমিন-আর্জি খারিজ হয়েছিল মধ্যপ্রদেশ হাইকোর্টেও। কিন্তু, সুপ্রিম কোর্টে অন্তর্বর্তী জমিন পেয়ে গেলেন কমেডিয়ান মুনাওয়ার ফারখানি। হিন্দু দেবদেবীদের নিয়ে 'অশালীন' মন্তব্যের অভিযোগ রয়েছে এই কমেডিয়ানের বিরুদ্ধে।

ধর্মীয় ভাবাবেগে আঘাত হানার অভিযোগে মুনাওয়ার ফারখানিকে গ্রেফতার করেছিল মধ্যপ্রদেশ পুলিশ। গ্রেফতার হওয়ার পর প্রথমে মধ্যপ্রদেশের নিম্ন আদালতে জমিনের আর্জি জানিয়েছিল মুনাওয়ার। কিন্তু, সেই আর্জি খারিজ হয়ে যায়। এরপর মধ্যপ্রদেশ হাইকোর্টেও খারিজ হয়ে যায় কমেডিয়ান মুনাওয়ার ফারখানির জমিনের আবেদন।

এর পর সুপ্রিম কোর্টের শরণাপন্ন হন তিনি, চ্যালেঞ্জ জানান মধ্যপ্রদেশ হাইকোর্টের রায়কে। গুজরার ফারখানিকে অন্তর্বর্তী জমিন দিয়েছে সুপ্রিম কোর্ট। পাশাপাশি মধ্যপ্রদেশ হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ফারখানি যে আবেদন জানিয়েছিলেন, সেই আর্জির প্রেক্ষিতে মধ্যপ্রদেশ পুলিশকে নোটিশ পাঠিয়েছে শীর্ষ আদালত। উল্লেখ্য, মধ্যপ্রদেশের ইন্দোর শো চলাকালীন হিন্দু দেবদেবীদের সম্পর্কে অশালীন মন্তব্য করেছিলেন মুনাওয়ার, এই অভিযোগে নতুন বছরের প্রথম দিনই মুনাওয়ার-সহ অপর চারজনকে গ্রেফতার করেছিল ইন্দোর পুলিশ। ধর্মীয় ভাবাবেগে আঘাত এবং কেরানো বিধি লঙ্ঘনের অপরাধে অভিযুক্ত তাঁরা।

বিএমসির নোটিশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে দায়ের করা মামলা প্রত্যাহার করলেন সোণু সুদ

মুম্বাই, ৫ ফেব্রুয়ারি (হি.স.): মুম্বাইয়ের জুহুতে ফ্ল্যাটে অবৈধ নির্মাণ নিয়ে বিএমসির নোটিশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে দায়ের করা মামলা প্রত্যাহার করে নিলেন অভিনেতা সোণু সুদ।

সোণু সুদের পক্ষ থেকে আইনজীবী মুকুল রোহাত গী বলেন, সোণু বিএমসির কাছে নিজের বিষয়টা তুলে ধরেছে। তাদের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করবেন। এই নোটিশ প্রত্যাহারের জন্য সোণু সুদ বসে হাইকোর্টে একটি আবেদন করেছিলেন। উচ্চ আদালত ২১ জানুয়ারি সোণু সুদের আবেদন খারিজ করে দিয়েছিল। মুম্বইতে অবৈধ নির্মাণের মামলায় বৃহস্পতি পুরনিগমের অভিযোগের

ভিত্তিতে বোম্বে হাইকোর্টের নির্দেশের ভিত্তিতে সুপ্রিম কোর্টে যান সোণু। অভিনেতা পিটিশনের মাধ্যমে সুপ্রিম কোর্টকে জানিয়েছিলেন, বৃহস্পতি পুরনিগমের কাছে পাঠানো কিছু আবেদনের সাড়া দেওয়ার পর তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। প্রসঙ্গত, সোণু নামে বিএমসির অভিযোগ, তিনি নিজের বাসস্থানের বাড়িকে হোটেলের কাজে ব্যবহার করছেন। যদিও সোণু জানিয়েছেন, বাসস্থানের বাড়িকে হোটেল রূপান্তরিত করার জন্য ইতিমধ্যেই কিছু চিঠি পাঠিয়েছেন। কিন্তু বিএমসি সেই চিঠিতে সাড়া দেয়নি, উল্টে অভিযুক্তকে আইনি প্যাঁচে

উমরাংসোতে গাড়িচালক খুনে জড়িত অভিযোগে গ্রেফতার দুই

হাফলং (অসম), ৫ ফেব্রুয়ারি (হি.স.): ডিমা হাসাও জেলার শিল্পনগরী হিসেবে পরিচিত উমরাংসোতে গত ৩ ফেব্রুয়ারি একটি খুনের ঘটনা জড়িত দুই অভিযুক্তকে গ্রেফতার করেছিল পুলিশ। উমরাংসোর ১৪ কিলো এলাকার বাসিন্দা পেশায় গাড়িচালক চন্দ্রকুমার সিনহাকে বিজয় শিল এবং শঙ্কর দাস নামের দুই যুবক খুন করে রাস্তার পাশে ফেলে দিয়েছে বলে অভিযোগ। খুন হওয়ার ১৬ ঘণ্টার মধ্যেই উমরাংসো পুলিশ দুই খুনির গ্রেফতার করতে সক্ষম হয়েছে।

নিতুমণি হাজারিকা জানিয়েছেন, গত ৩ ফেব্রুয়ারি রাত প্রায় সাড়ে নয়টা নাগাদ টহলদারির সময় উমরাংসোর রাস্তার পাশে চন্দ্রকুমার সিনহা নামের ব্যক্তিকে পাশে পড়ে থাকতে দেখে তিনি তাকে উদ্ধার করে উমরাংসো প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নিয়ে আসেন। হাসপাতালে চিকিৎসকরা চন্দ্রকুমারকে মৃত বলে ঘোষণা করেন। তার পরই পুলিশ তদন্তে নেমে যে লাঠি দিয়ে আঘাত করে চন্দ্রকুমার সিনহাকে খুন করেছিল সেই রক্তমাখা লাঠি ঘটনাস্থলের কিছু দূর থেকে উদ্ধার করেছে। তিনি জানান, ইতিমধ্যে তদন্তের গতি

বাড়িয়ে পুলিশ এই খুনের ঘটনার সন্দেহ জড়িত দুই যুবক বিজয় শিল ও শঙ্কর দাসকে গ্রেফতার করেছে। এদিকে খুনে দুই যুবক চন্দ্রকুমার সিনহার খুনের কথা স্বীকার করেছে পুলিশের জেরার মুখে। হিন্ডি চালক চন্দ্রকুমার সিনহার সঙ্গে বচসা বাতায় তারা নাকি তাকে লাঠি দিয়ে পিটিয়ে খুন করেছে বলে স্বীকারোক্তিতে জানিয়েছে খুঁতরা। অন্যদিকে দুই খুনির গুজরার হাফলং সিজিএম আদালতে নিয়ে আসা হলে হত্যার অভিযুক্ত বিজয় শিল ও শঙ্কর দাসকে জেল হাজতে প্রেরণ করেছে আদালত।

গুগলকে নোটিশ দিল্লি পুলিশের

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): কৃষক আন্দোলনের সমর্থন সংক্রান্ত টুলকিট কোন আইপি অ্যাড্রেস থেকে শেয়ার হলে জানতে মরিয়া দিল্লি পুলিশ। ইতিমধ্যেই এই তথ্য পেতে গুগলের দ্বারস্থ হয়েছে পুলিশ। গুগল ডকে শেয়ার করা এই টুলকিট করা লিখেছেন তা জানতে চায় দিল্লি পুলিশ। তাই যে জায়গা থেকে ওই টুলকিট আপলোড করা হয়, তার আইপি অ্যাড্রেস জানতে চায় তারা।

বিষয়টি নিয়ে তদন্ত চলছে, তাই কারও নাম এখনও দেওয়া হয়নি। প্রবীর রঞ্জন আরও বলেছেন, বেশ কিছু দিন ধরে দিল্লি সীমানায় কৃষক আন্দোলন চলছে, বেশ কয়েকটি সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের দিকে নজর রাখছে দিল্লি পুলিশ। এমন তিনশর মত অ্যাকাউন্ট তারা চিহ্নিত করেছে, এগুলি ভারত সরকারের বিরুদ্ধে মিথ্যা তথ্য দিচ্ছে, দেশে অনেক হাড্ডানোর চেষ্টা করছে। টুলকিট অ্যাকাউন্টটি চালায় একদল খালিস্তানপন্থী। প্রজাতন্ত্র দিবসের কৃষক তাওবের পর তারা একটি ডিজিটাল আঘাতের পরিকল্পনা করে। এ ব্যাপারে তাদের পরিকল্পনা সংক্রান্ত নথি হাতে পেয়েছে দিল্লি পুলিশ। দেখা যাচ্ছে, তাতে যেমন যেমন আছে, তিক সেভাবেই ছক মত সব কিছু করা হয়েছে। বিষয়টি

তদন্তের জন্য পাঠানো হয়েছে সাইবার সেলে। দিল্লি পুলিশ মনে করছে, সেই টুলকিট ডকুমেন্ট-এর আইপি অ্যাড্রেস সিস্টেমের মাধ্যমে প্যারলেইল কাজের কাজ হবে। আইপি-সি-১২৪-এ, ১৫৩-এ, ১৫৩, ও ১২০-বি ধারায় বিস্ফোডকরীদের বিরুদ্ধে এফআইআর হয়েছে। তবে এবার ব্যাপারটি দেখছে দিল্লি পুলিশের সাইবার সেল। মনে করা হচ্ছে, ভুয়া পোস্ট করে অনেক আগে থেকেই সোশ্যাল মিডিয়ায় হিংসার বাতাবরণ তৈরির চেষ্টা হয়েছে। উল্লেখ্য, বুধবার পরিবেশকর্মী প্রটো থুনাবার্গ ও বিতর্কিত টুলকিটটি টুইট করেন, যদিও পরে ডিলিট করে দেন। কৃষি আইনের প্রতিবাদে আন্দোলনের কৃষকদের সমর্থনেও টুইট করেন তিনি।

প্রধানমন্ত্রিকে খুনের হুমকি দিয়ে গ্রেফতার পুদুচেরির ব্যবসায়ী

পুদুচেরি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): পাঁচ কোটি টাকার বিনিময়ে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে খুন করতে রাজি পুদুচেরির আর্থিক প্রকল্প গ্রামের ব্যবসায়ী সত্যানন্দম সোশ্যাল মিডিয়ায় এই মর্মে পোস্ট করেন। ৪৩ বছর বয়সী ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁর বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৫০৫(১) ও ৫০৫(২) ধারায় মামলা রঞ্জ করা হয়েছে। আদালতে পেশ করা হলে বিচারক অভিযুক্ত ব্যবসায়ীকে জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। পুলিশ সূত্রে খবর, দিন কয়েক আগে ফেসবুকে নিজের সূচনা করবেন বিজেপি সর্বভারতীয় সভাপতি জে পি নাজা। এছাড়াও নবদ্বীপ, কোচবিহার, কান্দীপুর, ঝাড়গ্রাম ও তারাপাঠে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজ্যজুড়ে এই রথযাত্রা করতে চলে মুখাসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিয়েছিল বিজেপি। কিন্তু, রাজ্য প্রশাসনের তরফে

বিজেপির রথযাত্রা কর্মসূচিকে রুখতে পারবে না জেলা প্রশাসন ও বিজয়বর্গীয়

কলকাতা, ৫ ফেব্রুয়ারি (হি.স.): পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে জনসংযোগ বাড়াতে রথযাত্রা করার পরিকল্পনা করেছে বিজেপি। কলকাতা হাইকোর্ট বিজেপির এই রথযাত্রা বন্ধ করেনি, তাই এই কর্মসূচিকে রুখতে পারবে না জেলা প্রশাসন। গুজরার এমএনটিই বললেন বাংলায় বিজেপির সহ পর্যবেক্ষক কৈলাস বিজয়বর্গীয়।

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে পাঁচটি "রথযাত্রা" বা "পরিবর্তন যাত্রা"র আয়োজন করেছে বিজেপি। শনিবার নবদ্বীপ থেকে প্রথম রথযাত্রার সূচনা করবেন বিজেপি সর্বভারতীয় সভাপতি জে পি নাজা। এছাড়াও নবদ্বীপ, কোচবিহার, কান্দীপুর, ঝাড়গ্রাম ও তারাপাঠে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজ্যজুড়ে এই রথযাত্রা করতে চলে মুখাসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিয়েছিল বিজেপি। কিন্তু, রাজ্য প্রশাসনের তরফে

বিজেপি নেতৃত্বকে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, এর অনুমতি নিতে হবে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের কাছ থেকে। অর্থাৎ, যে এলাকাগুলির উপর দিয়ে রথ যাবে, সেই সব জেলার প্রশাসনের ছাড়পত্র মিললে তবেই যাত্রা করা যাবে। এরই মধ্যে রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে উদ্বেগ প্রকাশ করে বিজেপির রথযাত্রা আটকাতে কলকাতা হাইকোর্টে দায়ের হয় জনস্বার্থ মামলা। আইনজীবী রামাপ্রসাদ সরকার গুই মামলা করেছেন বলে খবর।

এদিন কেন্দ্রীয় নেতা বলেন, "রথযাত্রায় স্বাগতিক জরি করেনি আদালত। সুতরাং, জেলা প্রশাসন এটা আটকাতে পারবে না। বিরোধী দল হিসেবে এটা আমাদের মৌলিক অধিকার। ৬ ফেব্রুয়ারি নাড্ডাজি নবদ্বীপ থেকে রথযাত্রার সূচনা করবেন। ১১ তারিখ কোচবিহার থেকে আরেকটি রথযাত্রার সূচনা করবেন অমিত শাহ"।

নতুন উচ্চতায় সেনসেক্স পার করল ৫১ হাজারের গণ্ডি

মুম্বই, ৫ ফেব্রুয়ারি (হি.স.): বাজের পর থেকেই তরতর করে উপরে উঠছে সূচক। রীতিমতো ঐতিহাসিক উচ্চতায় পৌঁছে গেল সেনসেক্স। গুজরার প্রথমবার বসে স্টক এক্সচেঞ্জের সূচক পেরল ৫১ হাজারের গণ্ডি। সেই সন্দেশ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের নিফটিও ১৫ হাজারের উপরে পৌঁছে গেল।

গুজরার বাজার খুলতেই বসে স্টক এক্সচেঞ্জের সূচক প্রায় ৪১৭ পয়েন্ট বৃদ্ধি পায়। এবং ইতিহাসে প্রথমবার তা পেরিয়ে যায় ৫১ হাজারের গণ্ডি। বাজার খোলার পর আধঘণ্টার মধ্যে সেনসেক্সের সূচক গিয়ে দাঁড়ায় ৫১ হাজার ৩১ পয়েন্টে। একইভাবে নিফটিও সূচক ৫০ পয়েন্ট বৃদ্ধি পেয়ে প্রথমবার পেরিয়ে যায় ১৫ হাজারের গণ্ডি। যা ইতিহাসে প্রথমবার ঘটল। পরে অবশ্য এই সূচক সামান্য নেমেছে।

প্রসঙ্গত, গত কয়েক সপ্তাহ ধরেই লাগাতার উর্ধ্বমুখী শেয়ার সূচক। গতমাসের মাঝামাঝি প্রথমবার ৫০ হাজারের গণ্ডি পেরিয়েছিল সেনসেক্সের সূচক। যা হয়েছিল মূলত করোনার ঠিকানকরণ শুরু হওয়া এবং মার্কিন মুদ্রণের ক্ষমতা হস্তান্তরের জেরে। বাজারে বৃদ্ধির সেই ধারা অব্যাহত রইল নিম্নলিখিত বাজেট পেশের পরও বলে রাখা ভাল, লক্ষজটিন পরে ইতিহাসের সবচেয়ে রক্তাক্ত দিনের সাক্ষী হস দালাল স্ট্রিট। সেনসেক্স নেমে দাঁড়ায় ২৫ হাজারের কোঠায়। সেখান থেকে মাত্র কয়েক মাসের মধ্যে ফের রেকর্ড বৃদ্ধি সূচকদের ইতিহাসে বসেই মনে করছেন বাজার বিশেষজ্ঞরা।

১২,১১০ কোটি টাকার কৃষিঋণ মকুবের ঘোষণা মুখ্যমন্ত্রী পালিনাস্বামী

চেন্নাই, ৫ ফেব্রুয়ারি (হি.স.): রাজ্যের প্রায় ১৬ লক্ষ কৃষক যারা ঋণ নিয়েছিলেন, তা মকুব করল তামিলনাড়ু সরকার। তামিলনাড়ুতে সমবায় ব্যাঙ্ক মারফত কৃষকেরা যে ঋণ নিয়েছিলেন তা সম্পূর্ণ রূপে মকুবের কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী পালিনাস্বামী।

মোট ১২,১১০ কোটি টাকার ঋণ মকুবের কথা গুজরার ঘোষণা করেছে তামিলনাড়ু এ আই ডি এম কের সরকার। পালিনাস্বামী এদিন জানিয়েছেন, এর ফলে কৃষকদের



নতুন ডাবনায় পথ চলা শুরু

বাংলার সাথে এখন

হিন্দি

খবর-ও

hindi.jagarantripura.com

২০ দিনে ৪৯ লক্ষের বেশি টিকাকরণ ভারতে করোনায় মৃত্যু ১,৫৪,৮২৩

নয়াদিল্লি, ৫ ফেব্রুয়ারি (হি.স.): দিল্লি লাগোয়া গাজিপুর, টিকরি প্রভৃতি সীমানায় কৃষকদের রুখতে রাস্তায় পেরেক পুঁতে রাখা নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন বজ্রন সমাজ পার্টি (বিএসপি)-র সাংসদ সতীশ মিশ্র। গুজরার সকালে রাজ্যসভায় সতীশ মিশ্র বলেছেন, প্রতিবাদস্থলের কাছে পেরেক পুঁতে রাখা হয়েছে। আমার মতে পাকিস্তান সীমান্তে এই ধরনের প্রস্ততি নিতে পারত ভাঙত সরকার, সেখানে এমএনটি না করে দিল্লি সীমানায় পেরেক পুঁতে রাখা

হয়েছে। নরেন্দ্র মোদী সরকারকে "অহঙ্কারী" আখ্যা দিয়ে সতীশ মিশ্র বলেছেন, "অম্লদাতাদের দেশের শত্রু বলা হচ্ছে। অহঙ্কার দুঃপ্রকাশ করলেন বজ্রন সমাজ পার্টি (বিএসপি)-র সাংসদ সতীশ মিশ্র। গুজরার সকালে রাজ্যসভায় সতীশ মিশ্র বলেছেন, প্রতিবাদস্থলের কাছে পেরেক পুঁতে রাখা হয়েছে। আমার মতে পাকিস্তান সীমান্তে এই ধরনের প্রস্ততি নিতে পারত ভাঙত সরকার, সেখানে এমএনটি না করে দিল্লি সীমানায় পেরেক পুঁতে রাখা

সেখানে মহিলারা রয়েছেন সেই কথা না ভেবে শৌচালয়ও সরিয়ে দিয়েছে। এটা মানবাধিকার লঙ্ঘনের সাক্ষী।" উল্লেখ্য, তিনটি কৃষি আইন বাতিলের দাবিতে দুই মাসের বেশি সময় ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছেন কৃষকরা। গুজরার গাজিপুর সীমানায় (দিল্লি-উত্তর প্রদেশ সীমানা) ৭৩ তম দিনে পড়েছে কৃষকদের আন্দোলন। আন্দোলন-প্রতিবাদ চলছে সিংধু ও টিকরি সীমান্তেও। বাড়তে বাড়তে ভারতে ২০-কোটির কাছাকাছি পৌঁছে

গেল করোনা-টেষ্টের সংখ্যা। গুজরার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৪ ফেব্রুয়ারি সারা দিনে ভারতে ৭, ১৫,৭৭৬টি করোনা-স্যাম্পেল টেষ্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেষ্টের সংখ্যা ১৯, ৯৯,৩১,৭৯৫-এ পৌঁছে গেল। ভারতে সুস্থতার রোজই উর্ধ্বমুখী, লাফিয়ে লাফিয়ে কমছে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা। বৃহস্পতিবার সারা দিনে ভারতে সুস্থ হয়েছেন ১,৫৪,৫৩ জন, ফলে দেশে

মোট সুস্থতার হার ৯৭.১৩ শতাংশ। গুজরার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্ত ১,৫৪, ৮২৩ জনের মৃত্যু হয়েছে। (১.৪৩ শতাংশ)। বিগত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে ১২০ জনের। ভারতে সুস্থতার সংখ্যা বেড়ে হয়েছে ১, ০৪,৯৬,৩০৮ জন। একইসঙ্গে ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা একপাশায় অনেকটাই কমছে। এই মুহূর্তে ভারতে মোট ১,৫২,৪৬০ জন করোনা-রোগী (১.৪৪ শতাংশ) চিকিৎসাধীন রয়েছেন।